

পরিপত্র

সড়ক দুর্ঘটনায় শিশু ও মহিলার মৃত্যুর/ আঘাত পাওয়ার ঝুঁকি স্বাভাবিকভাবে বেশী। রাস্তা-ঘাট ও সড়কে যানবাহন চলাচলে সচেতনতার পাশাপাশি যদি ট্রাফিক আইন ও এতদসংক্রান্ত নিয়মকানুন মেনে চলা হয় তাহলে এ দুর্ঘটনা অনেকাংশে কমে যাবে। সড়ক দুর্ঘটনা হ্রাসে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারেন। প্রাথমিক স্তরের কোমলমতি শিক্ষার্থীদের এ বিষয়ে তাদের বোধগম্য ভাষায় অবহিত করা হলে তারা ক্রমান্বয়ে সচেতন হয়ে উঠবে।

এ বিষয়ে শিক্ষকগণ নিম্নবর্ণিত বিষয়সমূহ অত্যন্ত গুরুত্ব সহকারে অনুসরণ করতে পারেন-

- মা সমাবেশ ও উঠোন বৈঠকের মাধ্যমে ছাত্র-ছাত্রী ও তাদের মাকে সচেতন করতে পারেন;
- রাস্তা পারাপারের নিয়ম-কানুন শিশুদের শেখাতে পারেন;
- বিদ্যালয়ের দৈনিক সমাবেশে শিশুদের উদ্দেশ্যে সচেতনতামূলক বক্তব্য করতে রাখতে পারেন;
- ট্রাফিক আইন কানুন নিজেরা জেনে শিশুদেরকে শেখাতে পারেন;
- বিদ্যালয়ের পার্শ্বে সড়ক থাকলে ছুটির সময় নিজেরা দাঁড়িয়ে থেকে শিশুদেরকে পারাপারে সহায়তা করতে পারেন;
- ট্রাফিক সিগনাল সম্পর্কে ধারণা নিতে বিআরটিএ এর কর্মকর্তাদের সহযোগিতা নিতে পারেন;
- বিদ্যালয়ের দৈনিক সমাবেশে বিআরটিএ-এর কর্মকর্তা/ ট্রাফিক সার্জেন্ট/ ট্রাফিক পুলিশকে আমন্ত্রণ জানাতে পারেন;
- রোড ট্রাফিক সাইন সম্পর্কিত পোস্টার বিদ্যালয়ের বারান্দায় টানিয়ে দিতে পারেন এবং শিশুদেরকে ব্রিফ করতে পারেন;
- গাড়ীতে গ্যাস নেয়া ও ফেরী পারাপারের সময় গাড়ী থেকে নেমে যাওয়ার নির্দেশ দিতে পারেন;
- পুলিশের সাহায্য নিয়ে রাস্তায় চলাফেরা/রাস্তা পারাপারের মহড়ার আয়োজন করতে পারে;
- দুর্ঘটনা ও তার ফলাফল সম্পর্কিত ভিডিও, ডকুমেন্টারী ও ছবি ছাত্র-ছাত্রীদের দেখিয়ে সচেতন করতে পারেন;
- রাস্তায় চলে এমন বিভিন্ন ধরনের যানবাহন সম্পর্কে ধারণা দিতে পারেন;
- বাস/ট্রেনে উঠা-নামার নিয়ম-কানুন সম্পর্কে বলতে পারেন;
- ট্রাফিক আইন মেনে চলা সম্পর্কিত বিষয় লিখে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ফেসবুকে পাঠাতে পারেন;
- মোবাইলে কথা বলার সময় রাস্তা পারাপার না হওয়া সম্পর্কে শিক্ষার্থী ও তাদের বাবা/মা/ভাই-বোন/অভিভাবকবৃন্দকে বুঝাতে পারেন;
- হেলমেট পরে মটর সাইকেল চালানোর সুবিধা সম্পর্কে বাবা/মা/সহপাঠীদের মধ্যে আলোচনা করার পরামর্শ দিতে পারেন;
- গাড়ী চালানোর সময় মোবাইলে কথা না বলা বিষয়ে বাবা বাবা/মা/সহপাঠীদের মধ্যে আলোচনা করার পরামর্শ দিতে পারেন;
- ফুটপাথ দিয়ে হাঁটার অভ্যাস সম্পর্কে বলতে পারেন;
- মা বাবা বা বড়দের সাহায্য ছাড়া রাস্তায় না যাওয়া বা রাস্তা পার না হওয়ার পরামর্শ দিতে পারেন;
- ওভারপাথ, আন্ডারপাথ ও জেব্রা ক্রসিং দিয়ে রাস্তা পাড় হওয়ার পরামর্শ দিতে পারেন;
- কোন ক্রমেই কোনাকুনিভাবে রাস্তা পার না হওয়ার পরামর্শ দিতে পারেন।

এতদ্বিষয়ে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণের মাসিক সমন্বয় সভা, এসএমসির সভা, বিদ্যালয়ের দৈনিক সমাবেশ, মা সমাবেশ, উঠোন বৈঠক ও বিদ্যালয়ের প্রত্যাহিক শেষ ক্লাসে তুলে ধরা যেতে পারে। গৃহীত কর্মসূচী সম্পর্কে এ অধিদপ্তরকে যথাবিহীন অবহিত রাখার জন্য অনুরোধ করা হলো।

(শেখ জসিম উদ্দিন আহাম্মদ)
পরিচালক (পলিসি ও অপাঃ)

স্মারক নং-৩৮.০১.০০০০.১৪৫.৯৯.০১২.২০১৮. ৩২৬ (১৪৪)

তারিখ: ১৮ শ্রাবণ ১৪২৫
০২ আগস্ট ২০১৮

বিতরণ:

- ১। বিভাগীয় উপপরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা (নিজ কার্যালয়সহ অধঃস্তন অফিসসমূহকে অবহিতকরণের অনুরোধসহ)।
- ২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)/ সুপারিন্টেন্ডেন্ট (সকল) (নিজ কার্যালয়সহ অধঃস্তন অফিসসমূহকে অবহিতকরণের অনুরোধসহ)।
- ৩। উপজেলা শিক্ষা অফিসার (সকল)/ ইউআরসি ইন্সট্রাক্টর (সকল), (নিজ কার্যালয় ও আওতাধীন বিদ্যালয়সমূহকে অবহিতকরণের অনুরোধসহ)।
- ৪। সংরক্ষণ নথি।